করোনা দুর্যোগে অসহায়দের পাশে মিরপুর উপজেলা যুবলীগ নেতা

বিশ্ব কাঁপানো করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে সামাজিক সচেতনতা বৃদ্ধির পাশাপাশি মানবিক কাজ করে চলেছে উপজেলার করোনা মোকাবেলায় অগ্রভাগের সৈনিক উপজেলা যুবলীগের সাংগঠনিক সম্পাদক, শাকিলুর রহমান বিটু।

বুধবার বিকেলে পথচারী ও ছিন্নমুলদের মাঝে ইফতার ও রান্না করা খাবার বিতরণ করেন তিনি।

এছাড়াও প্রতিদিনই তাকে দেখা যায় উপজেলার কোন না কোন এলাকায়। কখনো কারো হাতে স্যানিটায়জার স্প্রে করে জীবাণুমুক্ত করা,আবার কখনো কাউকে গ্লাভস মাস্ক স্যানিটাইজার দিয়ে সাহায্য করা।

মিরপুর উপজেলার ১৩ ইউনিয়ন ও পৌরসভার মিরপুর উপজেলার এক প্রান্ত থেকে আরেক প্রান্তে ছুটে বেড়াচ্ছে সে।

করোনা সংক্রমন বিস্তাররোধে প্রতিটি গ্রামের যুবসমাজকে কাজে লাগিয়ে জীবানু নাশক স্প্রে করাচ্ছে এলাকার মসজিদ,মন্দির,বাজার,চলাচলের রাস্তায় এতে করে উপজেলায় সৃষ্টি হচ্ছে সচেতনতা। এছাড়াও বিটু পল্লী চিকিৎসকদের PPE সহ সুরক্ষা সামগ্রীর যোগান দিয়ে গ্রামের মানুষকে চিকিৎসা সেবা প্রদান অব্যাহত রাখার চেষ্টা করছে।
এখানেই শেষ নয়।

উপজেলার করোনা সচেতনতার পাশাপাশি করোনার কারনে কাজ করতে না পারা দিনমুজুরি খেটে খাওয়া অসাহায় মানুষের জন্যও নিজের ক্ষুদ্র সামর্থ্য দিয়ে চাউল ডাউল ও সবজি সহায়তা দিয়ে মানবিক কাজেও অংশ নিচ্ছে বিটু।

কুষ্টিয়ায় গাঁজা ও ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ায় ভারতীয় আমদানি নিষিদ্ধ ফেনসিডিল ও গাঁজাসহ রিমন আলী
(১৫) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। এসময় চার কেজি গাঁজা ও ৩৩০ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

বুধবার দুপুরের দিকে মিরপুর উপজেলার ঝুটিয়াডাঙ্গা ব্রিজ এলাকা থেকে একটি পিকআপ ভ্যান আটক করে তল্লাশি চালিয়ে এসব মাদকসহ তাকে আটক করা হয়।

আটককৃত রিমন আলী রাজবাড়ী জেলার ভবানীপুর এলাকার লালন শেখের ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম জানান, পুলিশের নিয়মিত টহল পরিচালনাকালে মালিহাদ ক্যাম্প ইনচার্জ এস আই আবুল কালাম আজাদ ঝুটিয়াডাঙ্গা ব্রিজ এলাকা থেকে একটি পিকআপ ভ্যান আটক করে। এসময় তল্লাশি চালিয়ে চার কেজি গাঁজা ও ৩৩০ বোতল ফেন্সিডিলসহ রিমন নামের মাদক ব্যবসায়ীকে আটক করা হয়।

তার বিরুদ্ধে মামলা দায়েরের প্রস্তুতি চলছে বলেও জানান তিনি।

মুজিবনগরে হেরোইনসহ এক মাদক কারবারি আটক

মুজিবনগরে ৫ গ্রাম হিরোইনসহ আমিন মন্ডল(৩০) নামের এক মাদক কারবারীকে আটক করেছে পুলিশ।বুধবার সকালে উপজেলার আনন্দবাস বাজার এলাকা থেকে তাকে আটক করা হয়।
আমিন মন্ডল মুজিবনগর উপজেলার আনন্দবাস পশিচম পাড়ার মৃত দীন মোহাম্মদ এর ছেলে।
জানা গেছে,বুধবার সকাল ১০ টার দিকে রতনপুর ক্যাম্পের পুলিশের একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে ওই এলাকায় অভিযান চালিয়ে আমিন মন্ডল(৩০) কে আনন্দবাস বাজার থেকে আটক করে। এ সময় তার কাজ থেকে ৫ গ্রাম হেরোইন উদ্ধার করে।

রতনপুর ক্যাম্পের উপ-পরিদর্শক (এসআই) সাইদুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন আসামীর বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে।

করোনা ভাইরাস প্রতিরোধে মুজিবনগর থানা পুলিশের সচেতনমূলক লিফলেট বিতরন

করোনা ভাইরাস প্রতিরোধে জনগনকে বিভিন্ন ধরনের নির্দেশনাবলী ও সচেতন মুলক লিফলেট বিতরন করেছে মুজিবনগর থানা পুলিশ।মেহেরপুর পুলিশ সুপার মুরাদ আলীর নির্দেশে
বুধবার দুপুরে কেদারগন্জ বাজার প্রাঙ্গনে এ সকল লিফলেট বিতরন করা হয়।
অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল)মুস্তাফিজুর রহমান উপস্থিত থেকে সচেতন মূলক লিফলেট বিতরনের উদ্বোধন করা হয়।এ সময় মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম উপস্থিত ছিলেন।
পরে কেদারগন্জ বাজারে সকল দোকান, রাস্তা ঘাটে চলাচলকৃত জনগনের মাঝে, গাড়ি চালকদের মাঝে এ সকল লিফলেট তুলে দেওয়া হয়।
এ সময় সামাজিক দুরুত্ব নিশ্চিত,জনগনকে ঘরে ফেরাতে, সরকারি নির্দেশনা অনুযায়ী দোকানপাট গুলো ও শপিংমল গুলোতে স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে আহব্বান করা হয়।

চুয়াডাঙ্গায় বোরোধান সংগ্রহে সরকারি নীতিমালা বাস্তবায়নের দাবীতে সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গা জেলায় বোরোধান সংগ্রহে সরকারি নীতিমালার যথাযথ বাস্তবায়ন ও অনিয়ম প্রতিরোধে কৃষক ও নাগরিক সমাজের সচেতনতা সৃষ্টিতে গণমাধ্যমের ভূমিকা শীর্ষক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত

হয়েছে। অরাজনৈতিক সংগঠন জেলা লোকমোর্চার আয়োজনে বুধবার দুপুরে ওয়েভ প্রশিক্ষণ কেন্দ্রে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা লোকমোর্চার সভাপতি অ্যাডভোকেট আলমগীর হোসেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে জানানো হয়, চলতি বছর জেলায় ৫ হাজার ৩১০ প্রান্তিক কৃষকের কাছ থেকে ৫ হাজার ৩১০ মেট্রিক টন ধান সংগ্রহ করা হবে। এজন্য তালিকাভুক্ত কৃষকদের মধ্যে থেকে লটারীর মাধ্যমে কৃষক নির্বাচর করার কথা রয়েছে। কিন্তু প্রকৃত প্রান্তির কৃষকদের কাছ থেকে ধান ক্রয়ের নামে ইতিপূর্বে নানা অনিয়মের অভিযোগ উঠেছে। চলতি বছর স্বচ্ছতার ভিত্তিতে প্রকৃত প্রান্তির কৃষকদের কাছ থেকে ধান ক্রয়ের কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য ইতিমধ্যেই যথাযথ কর্তৃপক্ষের কাছে জেলা লোকমোর্চা দাবী উত্থাপন করেছে।

এ সময় উপস্থিত ছিলেন জেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক শাহ আলম সনি, জীবননগর উপজেলা লোকমোর্চার সভাপতি আবুল কালাম আজাদ, সদর উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক পারভীন লাইল, ওয়েভ ফাউন্ডেশনের উপ-পরিচালক জহির রায়হান, প্রকল্প সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, লোকমোর্চার সচিব কানিজ সুলতানা প্রমুখ।

মেহেরপুরে ২০ মে হিমসাগর, ৩১ মে ল্যাংড়া আম বাজারজাত শুরু

মেহেরপুরের হিমসাগর জাতের আম ২৫ মে থেকে এবং ল্যাংড়া জাতের আম বাজারজাত শুরু হবে ৩১ মে থেকে।
বুধবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসন, কৃষি অধিপ্তর ও আম চাষীদের নিয়ে এক মতবিনিময় সভা থেকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়া আগামি ১৫মে থেকে দেশি আর্টি ও বোম্বাই জাতের আম বাজার জাত শুরু হবে।
একই সাথে আমে ক্ষতিকর কার্বাইড ও ফরমালিন না মেশানের জন্য আম চাষী ও ব্যবসায়ীদের প্রতি আহবান জানান জেলা প্রশাসক। আম চাষী ও ব্যবসায়ীরা মেহেরপুরের আমেক্ষতিকর কেমিক্যাল মেশানো হয়না বলে

আশ্বস্ত করেন।
জেলা প্রশাসক মো: আতাউল গনির সভাপতিত্বে মতবিনিময় সভায় বক্তব্য দেন জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, আম চাষী আলাউদ্দিন, শাহিনুর রহমান ।
মতবিনিময় সভায় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলমসহ গণমাধ্যমকর্মী ও আমচাষী ও ব্যবসায়ীরা অংশ গ্রহণ করেন।

চুয়াডাঙ্গায় নতুন করে এক আনসার সদস্য করোনাভাইরাসে আক্রান্ত

চুয়াডাঙ্গায় নতুন করে এক আনসার সদস্য করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। এ নিয়ে জেলায় আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৩২ জনে। এরমধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন একজন এবং মারা গেছেন একজন।

বুধবার দুপুরে চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, সকালে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ল্যাব থেকে ৪টি নমুনার প্রতিবেদন আসে। এরমধ্যে একজন করোনা শনাক্ত হয়েছেন। তিনি আলমডাঙ্গা উপজেলার গোকুলখালী ক্যাম্পের আনসার সদস্য।

উল্লেখ্য, গত ১৯ মার্চ চুয়াডাঙ্গায় প্রথম করোনা ভাইরাসে আক্রান্ত হন ইতালি ফেরত এক যুবক। তার বাড়ি আলমডাঙ্গায়। চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন তিনি।

চুয়াডাঙ্গায় বোরোধান সংগ্রহে সরকারি নীতিমালা বাস্তবায়নের দাবীতে সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গা জেলায় বোরোধান সংগ্রহে সরকারি নীতিমালার যথাযথ বাস্তবায়ন ও অনিয়ম প্রতিরোধে কৃষক ও নাগরিক সমাজের সচেতনতা সৃষ্টিতে গণমাধ্যমের ভূমিকা শীর্ষক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। অরাজনৈতিক সংগঠন জেলা লোকমোর্চার আয়োজনে বুধবার দুপুরে ওয়েভ প্রশিক্ষণ কেন্দ্রে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা লোকমোর্চার সভাপতি অ্যাডভোকেট আলমগীর হোসেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে জানানো হয়, চলতি বছর জেলায় ৫ হাজার ৩১০ প্রান্তিক কৃষকের কাছ থেকে ৫ হাজার ৩১০ মেট্রিক টন ধান সংগ্রহ করা হবে। এজন্য তালিকাভুক্ত কৃষকদের মধ্যে থেকে লটারীর মাধ্যমে কৃষক নির্বাচর করার কথা রয়েছে। কিন্তু প্রকৃত প্রান্তির কৃষকদের কাছ থেকে ধান ক্রয়ের নামে ইতিপূর্বে নানা অনিয়মের অভিযোগ উঠেছে। চলতি বছর স্বচ্ছতার ভিত্তিতে প্রকৃত প্রান্তির কৃষকদের কাছ থেকে ধান ক্রয়ের কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য ইতিমধ্যেই যথাযথ কর্তৃপক্ষের কাছে জেলা লোকমোর্চা দাবী উত্থাপন করেছে।

এ সময় উপস্থিত ছিলেন জেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক শাহ আলম সনি, জীবননগর উপজেলা লোকমোর্চার সভাপতি আবুল কালাম আজাদ, সদর উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক পারভীন লাইল, ওয়েভ ফাউন্ডেশনের উপ-পরিচালক জহির রায়হান, প্রকল্প সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, লোকমোর্চার সচিব কানিজ সুলতানা প্রমুখ।

করোনা মোকাবেলায় মেহেরপুর

জেলা পুলিশের কৃতিত্ব

প্রতিদিনিই রেকর্ড ছাড়াচ্ছে করোনা রোগী সনাক্তের সংখ্যা। করোনা আতঙ্ক বিরাজ করছে গোটা দেশে। করোনার এই সংকটময় পরিস্থিতি মোকাবেলায় কাজ করছে পুলিশ প্রশাসন, ডাক্তার ও বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠান। কিন্তু করোনা ভাইরাস প্রতিরোধে মাঠ পর্যায়ে জীবনের ঝুকি নিয়ে প্রশংসনীয় কাজ করছে পুলিশ। এ পর্যন্ত ৭ জন পুলিশ সদস্য করোনা ভাইরাসে মৃত্যু বরণ করেণ। সেই সাথে ১৭৫৬ জন পুলিশ সদস্য করোনা আক্রান্ত হয়েছে। যাদের বেশির ভাগই কনস্টেবল।

গত ২৪ মার্চ থেকে মেহেরপুরে করোনা আতঙ্ক শুরু হয় এবং অঘোষিত লক ডাউন করে দেওয়া হয়। কিন্তু পরিস্থিতি স্বাভাবিক না হলেও ১০ মে থেকে সীমিত আকারে পুনরায় ব্যবসা প্রতিষ্ঠান চালু করার অনুমতি দেওয়া হয়। করোনা ক্রান্তিকালের শুরু থেকে এখনো পর্যন্ত করোনা প্রতিরোধে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে মেহেরপুর জেলা পুলিশ।

কখনো মাইক হাতে লোকজনকে সচেতন করা, কখনো লিফলেট হাতে , কখনো লাঠি হাতে, আবার কখনো খাদ্য সামগ্রী বিতরণে। প্রায় সব খানেই পুলিশের উপস্থিতি ব্যাপক। করোনা প্রতিরোধে জেলা প্রশাসনের পাশাপাশি সবচেয়ে বেশি মাঠে থাকছে জেলা পুলিশের সদস্যরা। তবে এখনো পর্যন্ত মেহেরপুরে দায়িত্বরত কোন পুলিশ সদস্যের করোনা আক্রান্তের খবর পাওয়া যায়নি। মেহেরপুর জেলায় এ পর্যন্ত মোট করোনা রোগী সনাক্ত হয়েছে ৭জন। এদেও মধ্যে একজনের মৃত্যু হয়েছে। যা অন্যান্য জেলার তুলনায় কম।

মেহেরপুর পুলিশ সুপার এসএম মুরাদ আলীর নির্দেশে করোনা প্রতিরোধে মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর থানার পুলিশ সদস্যরা প্রশংসনীয় কাজ করে চলেছে। করোনা মোকাবেলায় সামনে থেকে নেতৃত্ব দিয়েছেন পুলিশ সুপার নিজেই। আজ বুধবার মেহেরপুর শহরের বিভিন্ন মার্কেট ও প্রধান সড়কে জন সচেতনাই লিফলেট বিতরণ করেণ তিনি।

এছাড়াও করেনা মোকাবেলাই বেশ কৃতিত্বের সাথে কাজ করছে জেলা গোয়েন্দা বিভাগ ও ট্রাফিক বিভাগ। চলাচলে নিয়ন্ত্রন ও জনসগাম রোধে ব্যাপক প্রশংসীত।

বুধবার লিফলেট বিতরণ কালে পুলিশ সুপার এস এম মুরাদ আলী বলেন, করোনা প্রাদুর্ভাবের শুরু থেকেই আমরা প্রতিরোধের জন্য কাজ করছি। সামাজিক দুরুত্ব নিশ্চিত ও জনগনকে ঘরে ফেরাতে আমাদের অভিযান অব্যাহত আছে। সরকারি নির্দেশনা অনুযায়ী দোকানপাট গুলো ও শপিংমল গুলোতে স্বাস্থ্যবিধি নিশ্চিত করার লক্ষ্যে কাজ করছে জেলা পুলিশের সদস্যরা। এছাড়াও জেলা পুলিশের পক্ষ থেকে অসহায় দুস্থ পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। করোনা পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত আমাদের চলামান কার্যক্রম অব্যাহত থাকবে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় শিশু নিহত

মেহেরপুর সদর উপজেলার উজুলপুর গ্রামে ইজিবাইকের ধাক্কায় জাকারিয়া নামের এক শিশু নিহত হয়েছে।
বুধবার দুপুরে এ দুর্ঘটনা ঘটে। নিহত শিশু ঐ গ্রামের জিয়ারুলের ছেলে জাকারিয়া (৮)।
প্রত্যক্ষদর্শীরা জানান, ঘটনার সময় শিশু জাকারিয়া রাস্তা পার হচ্ছিল এমন সময় মেহেরপুর থেকে উজুলপুর গামী একটি ইজিবাইক তাকে ধাক্কা দিলে রাস্তায় ছিটকে পড়ে যায়। স্থানীয়রা শিশুটিকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক শিশুটিকে মৃত ঘোষনা করেন।